


**বধিত ছাত্র বেতন রোধে
সারাদেশে ছাত্র
ধর্মঘট পালিত**

বধিত ছাত্র বেতন প্রত্যাহারের দাবীতে কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদের উত্তম অংশের আয়োনে গতকাল বৃহস্পতিবার সারাদেশে ছাত্র ধর্মঘট পালিত হয়েছে।

ছাত্র ধর্মঘট চলার সময় ছাত্র-ছাত্রীরা বিকোভ মিছিল বের করে (শেষ পৃ: ৪-এর ক: স:)



বধিত ছাত্র বেতন প্রত্যাহার ও অন্যান্য দাবীতে গতকাল রাজধানীসহ সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র ধর্মঘট পালিত হয়। ইডেন কলেজের ছাত্রীশূন্য ক্লাস রুমের ছবি। —সংবাদ

ছাত্র ধর্মঘট পালিত

(১ম পাতার পর)

এবং বিভিন্ন শ্রেণিগণ দেয়। কেন্দ্রীয়ভাবে ছাত্র সংগ্রাম পরিষদের উত্তম অংশের উদ্যোগে পৃথক পৃথকভাবে দুপুর ১২টার বিশ্ববিদ্যালয় এলাকায় মিছিল অনুষ্ঠিত হয়।

ছাত্র সংগ্রাম পরিষদের উত্তম অংশই দাবী আদায়ে আগামী ১৮ই অক্টোবর কেন্দ্রীয়ভাবে ঢাকায় শিক্ষা পরিদপ্তরের সামনে সমাবেশ ও বিকোভ মিছিলের কর্মসূচী নিয়েছে। ওই দিন জেলা ও উপজেলা পর্যায়ে শিক্ষা কর্মকর্তার কার্যালয়ের সামনেও অনুরূপ কর্মসূচী পালন করা হবে।

দাবী আদায়ে আগামী ১লা থেকে ১৫ই অক্টোবর পর্যন্ত বধিত ছাত্র বেতন প্রতিরোধ পক্ষ পালনের কর্মসূচী নেয়া হয়েছে। এ সময়ে জেলা-উপজেলা পর্যায়ে সর্বদলীয় প্রতিরোধ কমিটি গঠন, ছাত্র অভিভাবকদের সই সংগ্রহ, দেয়ালে লিখন ও সভা-সমাবেশের আয়োজন করা হবে।